



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu

## প্রেস বিজ্ঞপ্তি

উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমানের আনন্দশালা  
স্কুল পরিদর্শন ॥ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতি বিশেষ যত্ন নেওয়া হলে  
তারাও সৃষ্টিশীল অনেক কাজ করতে পারে

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৭ অক্টোবর ২০২৪

বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতি বিশেষ যত্ন নেওয়া হলে তারাও সৃষ্টিশীল অনেক কাজ করতে পারে। এ জন্য তাদের উপযোগী শিক্ষা প্রতিষ্ঠান এবং সামাজিক ব্যবস্থা গড়ে তুলতে হবে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান আজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বিকাশ কেন্দ্র আনন্দশালা স্কুল পরিদর্শনকালে এ কথা বলেন। উপ-উপাচার্য (শিক্ষা) বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রশাসন বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতি সংবেদনশীল এবং তাদের বিকাশের সুযোগ তৈরির ক্ষেত্রে আন্তরিক। আনন্দশালার ভৌত অবকাঠামো এবং সুযোগ-সুবিধা সম্প্রসারণে সম্ভব সব ধরনের উদ্যোগ নেওয়া হবে। বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতিভা বিকাশে আনন্দশালা আরও ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন। এর আগে বেলা ১১ টায় উপ-উপাচার্য (শিক্ষা) আনন্দশালায় পৌঁছালে আনন্দশালা স্কুলের পরিচালক (অনারারি) অধ্যাপক ড. রুমানা রইছ তাঁকে স্বাগত জানান। উপ-উপাচার্য (শিক্ষা) বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সাথে সময় কাটান এবং তাদের অভিভাবকদের সাথে মতবিনিময় করেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)